



“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”

গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি
GAIBANDHA PALLI BIDYUT SAMITY

সদর দপ্তর

তুলশীঘাট, গাইবান্ধা।

মোবাইল নং- ০১৭৬৯৪০০০৩০

E-mail : gbandhapps@yahoo.com

Website : www.gaibandhapps.org.bd

স্মারক নং-২৭.১২.৩২২৪.৫২৩.০৩.০১১.১৮ ১৪৫৮

তারিখ- ০৩ বৈশাখ, ১৪২৫ বঙ্গাব্দ।
১৬ এপ্রিল, ২০১৮ খ্রিঃ।

মেসার্স
.....
.....


বিষয়: ১২ মি:মি: ৪০ গ্রেড(আন্ডার সাইজ)রড সরবরাহের পুণ: আরএফকিউ আহবান প্রসংগে।

গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতির ট্রান্সফরমার চুরি রোধে ঝালাই কাজে ব্যবহারের জন্য ১২মি:মি: ব্যস সম্বলিত ৪০ গ্রেড আন্ডার সাইজ রড সরবরাহের জন্য পবিসের নিজস্ব তহবিলের আওতায় নিম্নোক্ত বিবরণ অনুযায়ী সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে শর্ত সাপেক্ষে লেটার হেড প্যাডে সীল মোহরকৃত রিকুয়েস্ট ফর কোটেশন(আরএফকিউ) আহবান করা যাচ্ছে।

ক্র:নং:	মালামালের বর্ণনা	পরিমাণ (কেজি)	একক মূল্য (টাকা)	মোট মূল্য (টাকা)
০১	রড-১২ মি:মি: ৪০ গ্রেড (আন্ডার সাইজ)	২৫০০		

শর্তাবলী:

- ০১। আগ্রহী দরদাতাগণ আগামী ২৩/০৪/২০১৮ খ্রি: তারিখ রোজ সোমবার ১২:০০ ঘটিকায় নিজস্ব লেটার হেড প্যাডে উল্লিখিত “ছক” মোতাবেক সীল মোহরকৃত দরপত্র (ক) গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, তুলশীঘাট, গাইবান্ধা অথবা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন(উ:অ:)পরিদপ্তর, বাপবিবো, ঢাকা এ রক্ষিত টেন্ডার বাজে দাখিল করতে পারবেন।
- ০২। দরপত্র সমূহ ঐ দিনই অর্থাৎ ২৩/০৪/২০১৮ খ্রি: তারিখ রোজ সোমবার বেলা ১২:৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৩। দরপত্রের সহিত চলতি ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদ ও ব্যাংক সলভেন্সি সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ০৪। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি/ওভার রাইটিং করা যাবে না।
- ০৫। দরপত্র সমূহ গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতির দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক যথাযথভাবে মূল্যায়ন করা হবে। মূল্যায়ন পূর্বক বৈধ ও গ্রহণযোগ্য সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানকে উল্লিখিত পণ্য সরবরাহের জন্য কার্যাদেশ প্রদান করা হবে।
- ০৬। কার্যাদেশ প্রদানের সর্বোচ্চ ০৭ (সাত) দিনের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে।
- ০৭। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত বিলের উপর নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন পূর্বক একাউন্ট পেয়ি চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ০৮। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে অত্র প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৯। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।


(জি,এইচ,এম, ওয়াহেদুল হক)
জেনারেল ম্যানেজার

অনুলিপি: (বহল প্রচারের নিমিত্ত আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধ সহ)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন(উ:অ:)পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, গাইবান্ধা।
- ০৩। পুলিশ সুপার, গাইবান্ধা।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার /জেনারেল ম্যানেজার..... পবিস-/১/২/৩/৪।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, রংপুর।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা।
- ০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, গাইবান্ধা।

জেনারেল ম্যানেজার